



স্মারক নং-চাঁবিপ্রবি/গুচ্ছ ভর্তি/২০২২-২৩/৫৭

তারিখঃ ০৫/১০/২০২৩ ইং

## ২০২২ – ২০২৩ শিক্ষাবর্ষের ৫ম (বিশেষ) পর্যায় প্রাথমিক ও চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২২ - ২০২৩ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কার্যক্রমের ৫ম (বিশেষ) পর্যায় প্রাথমিক ভর্তি ০৫/১০/২০২৩ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা হতে ০৬/১০/২০২৩ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd/>)—এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। অতঃপর চূড়ান্তভাবে প্রাথমিক ভর্তিকৃত প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইট [www.admission.cstu.ac.bd](http://www.admission.cstu.ac.bd)-এ আগামী ০৮/১০/২০২৩ হতে ০৯/১০/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে নির্ধারিত চূড়ান্ত ভর্তি ফি প্রদান করে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে সশরীরে উপস্থিত হয়ে নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান করে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে। এই পর্যায়ে যে সকল আবেদনকারী প্রথমবার প্রাথমিক ভর্তি ও চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তাদের ভর্তির ক্ষেত্রে নিম্নের সময়সূচী অবশ্যই মানতে হবে (১, ২ ও ৩):

- ১। অনলাইনে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন ও প্রাথমিক ভর্তি ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদানঃ ০৫/১০/২০২৩ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা হতে ০৬/১০/২০২৩ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে সম্পন্ন করতে হবে।
- ২। অনলাইনে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন ও চূড়ান্ত ভর্তির অবশিষ্ট ফি ১০,৮৯৫/- (দশ হাজার আটশত পঁচানব্বই) টাকা প্রদানঃ ০৮/১০/২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে হতে ০৯/১০/২০২৩ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে সম্পন্ন করতে হবে।

### কেন্দ্রীয়ভাবে আদায়যোগ্য এককালীন ভর্তি ফি

বিভাগ	মোট ভর্তি ফি	জমাকৃত প্রাথমিক ভর্তি ফি	অবশিষ্ট ভর্তি ফি
CSE	১৫,৮৯৫/-	৫,০০০/-	১০,৮৯৫/-
ICT	১৫,৮৯৫/-	৫,০০০/-	১০,৮৯৫/-
BBA	১৫,৮৯৫/-	৫,০০০/-	১০,৮৯৫/-

❖ ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীকে Nagad বা bKash বা Rocket বা Sure Cash মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অবশিষ্ট ভর্তি ফি জমা প্রদান করতে হবে।

- ৩। মূল কাগজপত্র জমাঃ ০৮/১০/২০২৩ হতে ০৯/১০/২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের চাঁদপুরস্থ অস্থায়ী ক্যাম্পাস: হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাদুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০-এ স্ব-স্ব বিভাগে (সিএসই কক্ষ নং-৩০১, আইসিটি কক্ষ নং-২০১ বিবিএ কক্ষ নং-২০৬)-এ সশরীরে উপস্থিত হয়ে নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান করতে হবে। অন্যথায় প্রাথমিক ও চূড়ান্ত ভর্তি বাতিল হয়ে যাবে।



❖ শিক্ষার্থীকে ভর্তির জন্য নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি অবশ্যই জমা করতে হবে:

- (ক) SSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র এবং একটি সত্যায়িত ফটোকপি;
- (খ) SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
- (গ) HSC/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং একটি সত্যায়িত ফটোকপি;
- (ঘ) GST গুচ্ছ ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত মূল Admit Card;
- (ঙ) প্রাথমিক ভর্তি ফি জমার কাগজ (Acknowledgement Slip);
- (চ) চূড়ান্ত ভর্তি ফি জমার কাগজ (Acknowledgement Slip);
- (ছ) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙিন ছবি;

**বি.দ্র. : যাচাই-বাহাইয়ের যেকোন পর্যায়ে যদি কোন সনদপত্র বা অন্য কোন কাগজপত্রের জালিয়াতি/অসত্য প্রমাণিত হয় তাহলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল হবে এবং তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় ও দেশের প্রচলিত বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।**

বিশেষ শর্তাবলীঃ শিক্ষার্থীদের প্রদত্ত তথ্যাবলীতে কোনো অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থিতা বাতিল করা হবে। ফলাফলের যেকোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবেন।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত সকল তথ্য যথাক্রমে [www.cstu.ac.bd](http://www.cstu.ac.bd) ও [www.admission.cstu.ac.bd](http://www.admission.cstu.ac.bd) -এ পাওয়া যাবে।

**হেল্পলাইন:**

ফোন: +৮৮০-২-৪১০৯০৭৭১, মোবাইল: ০১৭১৪-৯১০১০২

ই-মেইল: [admission@cstu.ac.bd](mailto:admission@cstu.ac.bd)

প্রকৌশলী মেজর মোঃ আবদুল হাই (অবঃ)  
রেজিস্ট্রার  
চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁবিপ্রবি।
- ২। পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য, চাঁবিপ্রবি।
- ৩। অফিস কপি।